# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.04.2024 Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ ২০১৬-র গোটা প্যানেল বাতিল করে দিয়েছে।

বে-আইনীভাবে নিযুক্ত ২৫ হাজারের বেশি শিক্ষক ও শিক্ষা কর্মীকে চার সপ্তাহের মধ্যে ১২ শতাংশ সুদ সহ বেতন ফেরতের নির্দেশ দিয়েছে আদালত।

২) হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যাওয়ার সিদ্ধান্ত এস এস সি-র।

৩) মুখ্যমন্ত্রী এই রায়কে বে-আইনী আখ্যা দিয়েছেন। এদিকে রাজ্য সরকারের সমালোচনায় মুখর বিরোধী রাজনৈতিক দল।

৪) তৃতীয় দফার লোকসভা নির্বাচনের আজ ছিল মনোনয়ন প্রত্যাহারের শেষদিন।

৫) মুম্বাই হামলার ষড়যন্ত্রের সঙ্গে জড়িত এক সন্দেহভাজনের গ্রেপ্তারের পর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নিরাপত্তা আঁটোসাঁটো করা হয়েছে।

oooooooooooooooooooooo

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ ২০১৬-র গোটা প্যানেল বাতিল করে দিয়েছে। এর ফলে ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মী চাকরী খোয়ালেন। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বর রশিদির বেঞ্চ নির্দেশ দিয়েছেন, বেআইনীভাবে যারা নিযুক্ত হয়েছেন, চার সপ্তাহের মধ্যে তাদের সুদ সমেত বেতন ফেরত দিতে হবে। সুদের হার হবে বছরে ১২ শতাংশ। নির্দেশ কার্যকর হয়েছে কিনা, সংশ্লিষ্ট জেলা পরিদর্শকরা, তা জেলাশাসকদের জানাবেন।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশনের নবম, দশম ও একাদশ, দ্বাদশ শ্রেণীর শিক্ষক এবং গ্রুপ সি ও ডি-র শিক্ষাকর্মী নিয়োগে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ সংক্রান্ত একগুচ্ছ মামলার শুনানি, হাইকোর্টকে ৬ মাসের মধ্যে শেষ করতে বলেছিল সুপ্রিম কোর্ট। সেই অনুযায়ী বিশেষ ডিভিশন বেঞ্চে শুনানির পর আজ এই রায় দেওয়া হল। ৩৮১ পাতার রায়ে বলা হয়েছে, সিবিআই দুর্নীতির তদন্ত চালিয়ে যাবে। অতিরিক্ত শূন্য পদ কিভাবে তৈরি করা হয়েছিল, কারা এর পেছনে রয়েছেন, তা তদন্ত করে দেখবে সিবিআই।

নতুন এজেন্সিকে দিয়ে ২০১৬-র নিয়োগ পরীক্ষায় ২৩ লক্ষের মত উত্তরপত্র বা ওএমআর শিটের পুনর্মূল্যায়নেরও নির্দেশ দেওয়া হয়েছে।

তবে সোমা দাস নামে ক্যান্সার আক্রান্ত এক শিক্ষিকার চাকরী, মানবিক কারণে বাতিল করেনি বেঞ্চ।

একই সঙ্গে লিটিগেশন করে চাকরি পাওয়া অনামিকা রায় ও প্রিয়াঙ্কা সাউ-এর চাকরি বাতিল হয়েছে। তবে, তাদের বেতনের অর্থ ফেরত দিতে হবে না।

হাইকোর্টের নির্দেশে রাজ্য শিক্ষা দফতরের প্রাক্তন প্রতিমন্ত্রী পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতার চাকরি পান ববিতা সরকার। কিন্তু তার চাকরিও স্থায়ী হয়নি। তার বদলে চাকরি পান অনামিকা রায়। একইভাবে হাইকোর্টের

নির্দেশেই দীর্ঘ আইনী লড়াইয়ের পর চাকরি পেয়েছিলেন প্রিয়াঙ্কা সাউ। আজকের রায়ে তাদের চাকরিও বাতিল হয়েছে।

oooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে স্কুল সার্ভিস কমিশন সুপ্রিম কোর্টে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই রায়ে অসন্তোষ প্রকাশ করে কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার আজ সাংবাদিকদের কাছে প্রশ্ন তোলেন, ৫ হাজার জনের বিরুদ্ধে অবৈধভাবে নিয়োগের অভিযোগ থাকলে ২৫ হাজার জনের চাকরি কেন বাতিল করা হবে?

(বাইট)

oooooooooooooooooooooo

এসএসসি মামলায় কলকাতা হাইকোর্টের রায়কে বেআইনী আখ্যা দিয়েছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। উত্তর দিনাজপুরের রায়গঞ্জের চাকুলিয়ায় আজ বালুরঘাট লোকসভা কেন্দ্রের কুমারগঞ্জের এক নির্বাচনী জনসভার মঞ্চে হাইকোর্টের রায়ের প্রতিক্রিয়ায় তিনি বলেন, এর বিরুদ্ধে উচ্চ আদালতে যাবেন তাঁরা। যারা চাকরী হারালেন, তাদের পাশে থাকারও বার্তা দেন মুখ্যমন্ত্রী।

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়েছেন। আজ বালুরঘাটে নির্বাচনী জনসভায় তিনি বলেন, রাজ্য মন্ত্রিসভার যে সদস্যরা বাড়তি পদ তৈরির অনুমোদন দিয়েছিলেন, তাদের সকলকেই সিবিআই-এর গ্রেপ্তার করা উচিত।

বাইট

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, তৃণমূল কংগ্রেস মানেই দুর্নীতি, দুর্নীতি মানেই তৃণমূল কংগ্রেস। তবে বঞ্চিত চাকরীপ্রার্থীরা যাতে সুবিচার পায়, সেই দাবিও জানিয়েছেন তিনি।

বাইট

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, তৃণমূল কংগ্রেস যতজনকে চাকরী দিয়েছে, তার চেয়ে বেশি লোকের কাছ থেকে টাকা তুলেছে। টাকা ফেরত পেতে তৃণমূল নেতাদের নামে অভিযোগ দায়ে করার পরামর্শ দেন তিনি।

বাইট

oooooooooooooooooooo

বিজেপি, আদালতের রায়ে চাকরি বাতিলের ঘটনায় অবিলম্বে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে। দলের মুখপাত্র তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেছেন, আদালতের নির্দেশে প্রায় ২৪ হাজার প্রার্থীর পরিবারের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ল। এই পরিস্থিতির জন্য তৃণমূল কংগ্রেস এবং মুখ্যমন্ত্রীই দায়ী।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, রাজ্য সরকারের ব্যর্থতার জন্যই যোগ্য প্রার্থীদেরও চাকরি বাতিল হয়েছে।

এদিকে, নিয়োগ দুর্নীতি মামলায় হাইকোর্টের যে বিচারপতি প্রথম বেআইনীভাবে নিযুক্তদের চাকরী বাতিল করেছিলেন, সেই অভিজিৎ গাঙ্গুলী বলেছেন, এই মামলায় ডিভিশন বেঞ্চ তাঁর চেয়েও কঠোর রায় দিয়েছে।

বাইট

oooooooooooooooooooo

হাইকোর্টের রায়ে চাকরি বাতিল হওয়া শিক্ষকদের মধ্যে, বাকি ৬ দফা লোকসভা নির্বাচনে কতজন ভোটকর্মী আছেন, তা জানতে চেয়েছে নির্বাচন কমিশন। জেলাশাসকদের কাছে এইসব ভোটকর্মীর তালিকা চাওয়া হয়েছে।

ooooooooooooooooooooo

লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় মনোনয়ন প্রত্যাহারের আজ ছিল শেষ দিন। এই পর্যায়ে ১০ টি রাজ্য ও দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৪টি আসনে ভোট নেওয়া হবে ৭'ই মে। এর মধ্যে রয়েছে মালদা উত্তর, মালদা দক্ষিণ, মুর্শিদাবাদ ও জঙ্গিপুর।

এদিকে, নির্বাচন কমিশন তৃতীয় দফার ভোটে রাজ্যের জন্যে দুজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে। মালদা উত্তর ও দক্ষিন কেন্দ্রের জন্যে আইপিএস চিরুভলু শ্রীকান্ত এবং জঙ্গীপুর ও মুর্শিদাবাদ কেন্দ্রের জন্যে সন্দীপ টি পাতিল কে নিয়োগ করা হয়েছে। এছাড়াও এই দফায় সাধারণ ও ব্যয় পর্যবেক্ষক থাকছেন পাঁচজন করে। এর মধ্যে মালদা দক্ষিন কেন্দ্রের জন্যে দুই জন সাধারন পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

অন্যদিকে, **চতুর্থ দফার নির্বাচনে** মনোনয়ন জমা দেওয়ার কাজ চলছে। মুর্শিদাবাদের বহরমপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী ক্রিকেটার ইউসুফ পাঠান আজ তাঁর প্রার্থী পদ দাখিল করেন। আজই মনোনয়ন জমা দেন ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী ডক্টর নির্মল সাহাও। একই সময়ে দুই দলের মনোনয়ন জমা দেওয়াকে ঘিরে বিশৃঙ্খলা এড়াতে পুলিশ, বিজেপি-র পদযাত্রা আটকে দেয় বলে অভিযোগ। সাময়িকভাবে উত্তেজনা সৃষ্টি হয়।

বীরভূমের দুই লোকসভা কেন্দ্র বীরভূম ও বোলপুর আসনেও তৃণমূল কংগ্রেস প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন। বীরভূমের শতাব্দী রায় এবং বোলপুরের প্রার্থী অসিত মাল সিউড়ি বেনিমাধব মোড় থেকে মিছিল করে জেলাশাসকের দফতরে আসেন। জোট প্রার্থী হিসেবে বীরভূম আসনে কংগ্রেসের মিল্টন রশিদ এবং বোলপুরে বাম প্রার্থী শ্যামলী প্রধান আজ প্রার্থী পদ পেশ করেছেন।

কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অমৃতা রায় ও সি পি আই এম প্রার্থী এস এম সাধি মনোনয়ন দাখিল করেন।

রানাঘাটের বিজেপি প্রার্থী জগন্নাথ সরকার ও সি পি আই এম-এর অলোকেশ দাসও আজ মনোনয়ন জমা দিয়েছেন।

উল্লেখ্য, চতুর্থ দফায় আগামী ১৩-ই মে ভোট গ্রহণের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষদিন ২৫-শে এপ্রিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের ভোটে মোট ২৯৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বাকিদের স্ট্রং রুম এবং ভোটারদের নিরাপত্তা ও ভোট পরবর্তী হিংসা দমনের কাজে ব্যবহার করা হবে। ভোটের দিন কোনো গণ্ডগোল হলে চটজলদি ব্যবস্থা গ্রহণ এর জন্য থাকবে ২৭০কোম্পানি কুইক রেসপন্স টিম। এ ছাড়াও থাকবে ১০ হাজারের বেশি রাজ্য পুলিশ।

অন্যদিকে প্রথম দফার নির্বাচনে ওয়েব কাস্টিং ও কৃত্রিম বুদ্ধিমত্তা পর্যালোচনা করে বেশ কিছু অভিযোগ এসেছে। সেই অভিযোগ গুলি খতিয়ে দেখা হচ্ছে বলে নির্বাচন আধিকারিকের দপ্তর থেকে জানা গেছে। প্রয়োজনে

অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা নেওয়া হবে। আজ দ্বিতীয় দফার ভোটের আগে সার্বিক পরিস্থিতি, বর্তমান তাপপ্রবাহ এর আবহে সরকারি নির্দেশিকা পালন করা নিয়ে জেলাশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করেন মুখ্য নির্বাচনী আধিকারী।

ooooooooooooooooooooo

মুম্বাই হামলার ষড়যন্ত্রের সঙ্গে জড়িত এক সন্দেহভাজনের গ্রেপ্তারের পর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নিরাপত্তা আঁটোসাঁটো করা হয়েছে। অতিরিক্ত পুলিশ কমিশনার মুরলীধর শর্মা আজ এক বিবৃতিতে জানিয়েছেন, মুম্বাই থেকে কলকাতা পুলিশের হাতে ধৃত রাজারাম রেগি নামে ঐ ব্যক্তি, অভিষেকের আপ্তসহায়কের সঙ্গে যোগাযোগ করে। তাঁর বাড়ি এবং অফিসের সামনে রেইকিও চালানো হয় বলে পুলিশ জানতে পেরেছে। লালবাজারে শ্রী শর্মা সাংবাদিকদের জানান, ২৬/১১ মুম্বাই হামলার আগে ডেভিড কোলম্যানের সঙ্গে সাক্ষাৎ করেছিল এই রাজারাম। নিজেকে এক রাজনৈতিক দলের নেতা হিসেবে পরিচয় দেয় সে। গত ১৮ই এপ্রিল রাজারাম পশ্চিমবঙ্গে এসে দক্ষিণ কলকাতার একটি হোটেলে ওঠে। দিন তিনেক সেখানে থেকেই অভিষেকের ব্যাপারে খোঁজখবর চালায় বলে পুলিশের বক্তব্য।

ট্রানজিট রিমান্ডে আজ রেগিকে কোলকাতায় এনে ব্যাঙ্কশাল আদালতে পেশ কর হয়। ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে তাকে।

ooooooooooooooooooooo

তীব্র তাপপ্রবাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক গরম বাতাসের ফলে আগামী শুক্রবার পর্যন্ত পরিস্থিতির তেমন হেরফের হওয়ার সম্ভাবনা নেই। আজ কয়েকটি জেলায় হালকা ঝড় বৃষ্টির পূর্বাভাস

থাকলেও আগামীকাল থেকে তাপমাত্রা আরো বাড়ার সম্ভবনা রয়েছে। সারা দক্ষিণবঙ্গ জুড়েই গরম এবং অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

বুধবার থেকে পরবর্তী দু-দিন দক্ষিণবঙ্গের সমস্ত জেলায় তীব্র তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন –

(বাইট )

আজও কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের তিন ডিগ্রি ওপরে, ৩৯ ডিগ্রি সেলসিয়াস।

oooooooooooooooooooo

রাজারহাটে ডি আর আর স্ট্যুডিওতে আজ সকালে আগুন লাগলে কর্মী ও শিল্পীদের মধ্যে আতঙ্ক ছড়ায়। স্ট্যুডিওতে থাকা একটি ভ্যানিটি ভ্যানেও আগুন লাগে। দমকল আসতে দেরি হওয়ায় স্ট্যুডিও কর্মীরা প্রথমে নিজেদের উদ্যোগে আগুন নেভানোর চেষ্টা চালান। দুটি গাড়ি সম্পূর্ণ পুড়ে গেছে।  পরে দমকলের তিনটি ইঞ্জিন দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

ooooooooooooooooooooo